Gmail **Ucaliptas <ucaliptas909@gmail.com>**

কবিতা: নীল দরিয়ার গান

1 message

Mohammad Sheikh Zohurul Islam <mszi065045@gmail.com> Wed, Jan 29, 2025 at 9:08 AM
To: ucaliptas909@gmail.com

নীল দরিয়ার গান

তাফিফ বিন জামিল

ও রে নীল দরিয়া, দরিয়া রে, তোর গহীন ঐ বুকে,
কত কথা আর লুকাবো বল, আমি মনের দুঃখে?
তোর ঢেউয়ের মাঝে বাজে রে সুর, বাজে সুখের গান,
ঐ গানেতে আমার যে আর ভরে না মনপ্রাণ।

তুই শান্ত দুপুর, ঝড়ের রাত, অপরাহ্নের বেলা,
বাজনা বাজে তোর বুকেতে, ঢেউ করে রে খেলা।
তোর বুকেতে রবি ঢালে, ঢালে সোনার রোদ,
দুঃখ উজাড় করে তুই আর নিবি কত শোধ?

অতল তলে আঁধার রে তুই, উপরে তুই জ্যোতি,
দুঃখ বুকের উজাড় করে, করিস পরের ক্ষতি।
তোর বুকেতে হারায় কত তেপান্তরের পথিক,
দিক হারিয়ে ঘুরেফিরে, ছুটে দিগ্বিদিক।

বুকেতে তোর ভাসে রে নাও, ভেসে চলে জীবন,
জলে কি তোর লুকিয়ে আছে রঙিন সুখের মরণ?
ভালোবাসার প্রতীক রে তুই, তুই অথৈ জলের ক্রোধ,
চিরন্তন ধারায় বয়ে যা তুই, কে করবে তোরে রোধ?

নীল আকাশ খেলে তোরি সাথে, ঢেলে চাঁদের আলো,
তোর বুকেতেই নেমে আসে দিগন্তের কালো।
জলের মাঝে কবিতা তুই, ঢেউয়ের কলতান,
তুই মুক্ত, তুই স্বাধীন, তুই রুদ্ধ হৃদয়ের প্রাণ।

তোর তরঙ্গেরও ফেনা মাঝে লুকায়,কতো আগুন-ঝড়,
তুই বাঁচাস জীবন,মারিস জীবন, ভাঙেগড়ে ঘর।
কত হারায় সাগর-নদী, কত পাহাড় - গিরি;
তোর বুকেতে ডাক না আমায়, করিস কেনো দেরি?

নীল দরিয়া দরিয়া রে, তোর রূপের নেই শেষ,
সুখ দুঃখের গল্প বলে তুই কেনো নিরুদ্দেশ?
তুই ধ্বংস, তুই সৃষ্টি, তুই চির বিস্ময়,

তোর কাছেতে হার মেনে যায় দাম্ভিকের বিজয়।

রচনাকাল: ১১ মাঘ ১৪৩১।